

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৪০৬

২/ রাসূলুল্লাহ ﷺ २८० नाমायের সময়সূচী (ﷺ عن رسول الله عليه الله عن رسول الله عليه الله عن اله

পরিচ্ছেদঃ ১৮৬. তাওবা করার সময় নামায আদায় করা

باب مَا جَاءَ فِي الصَّلاَةِ عِنْدَ التَّوْبَةِ

আরবী

حَدَّثَنَا قُتُيْبَةُ، حَدَّثَنَا أَبُو عَوَانَةَ، عَنْ عُثْمَانَ بْنِ الْمُغِيرَةِ، عَنْ عَلِيِّ بْنِ رَبِيعَةَ، عَنْ أَسْمَاءَ بْنِ الْحَكَمِ الْفَزَارِيِّ، قَالَ سَمِعْتُ عَلِيًّا، يَقُولُ إِنِّي كُنْتُ رَجُلًا إِذَا سَمِعْتُ مِنْ، رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم حَدِيثًا نَفَعَنِي اللَّهُ مِنْهُ بِمَا شَاءَ أَنْ يَنْفَعَنِي بِهِ وَإِذَا حَدَّثِنِي رَجُلٌ مِنْ أَصْحَابِهِ اسْتَحْلَقْتُهُ فَإِذَا حَلَفَ لِي صَدَّقْتُهُ وَإِنَّهُ حَدَّثِنِي أَبُو بَكْرٍ وَصَدَقَ أَبُو بَكْرٍ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " مَا مِنْ رَجُلِ يُذْنِبُ ذَنْبًا ثُمَّ يَقُومُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " مَا مِنْ رَجُلِ يُذْنِبُ ذَنْبًا ثُمَّ يَقُومُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " مَا مِنْ رَجُل يُذْنِبُ ذَنْبًا ثُمَّ يَقُومُ فَيَتَطَهَّرُ ثُمَّ يُصِرِّقِ الْمَدُولُ اللَّهَ إِلاَّ عَفْوَ اللَّهُ فَلَهُ اللهُ عَلْوا اللهَ فَاسْتَغْفُرُوا لِذُنُوبِهِمْ وَمَنْ يَغْفِرُ الذَّنُوبَ إِلاَ اللَّهُ وَلَمْ يَعْلُوا وَهُمْ يَعْلَمُونَ) . قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ مَسْعُود وَأَبِي الدَّرْدَاءِ يُصِرُّوا عَلَى مَا فَعَلُوا وَهُمْ يَعْلَمُونَ) . قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ مَسْعُود وَأَبِي الدَّرُدَاءِ عَلَى مَا فَعَلُوا وَهُمْ يَعْلَمُونَ) . قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ مَسْعُود وَأَبِي الدَّرْدَاءِ وَأَنْسَ وَأَبِي أَمُامَةَ وَمُعَاذٍ وَوَاثِلَةَ وَأَبِي الْيَسَرِ وَاسْمُهُ كَعْبُ بْنُ عُرْو. . قَالَ أَبُو عِيسَى عَلَيْ مَرْفُوعًا أَيْضًا وَوَاثِلَةَ وَأَبِي الْيَسِرِ وَاسْمُهُ كَعْبُ بْنُ عَمْرِو . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَنْمُ اللهَ عَلِي عَوانَةً . وَرَوَاهُ سُفْيَانُ التَّوْرِيُ وَوَاثِلَهُ وَلَمْ يَوْفُ لَا الْقَوْمِ مُ مِنْ حَدِيثِ عَثْمَانَ بْنِ الْمُغِيرَةِ . وَرَوَاهُ سُفْيَانُ الْمُغِيرَةِ . وَرَوَاهُ سُفْيَانُ النَّورَ عَنْ مِسْعَرٍ هَذَا الْحَدِيثُ مَرْفُوعًا أَيْضًا . وَلاَ نَعْرِفُ لَا أَسُولُ لاَ النَّهِ عَلَى اللهُ عَلِيه وسلم وقَدْ رُويَ عَنْ مِسْعَرٍ هَذَا الْحَدِيثُ مَرْفُوعًا إِلاَ هَذَا .

বাংলা

৪০৬। আসমা ইবনু হাকাম আল-ফাযারী (রহঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, আমি 'আলী (রাঃ)-কে বলতে শুনেছিঃ আমি এমন এক ব্যক্তি ছিলাম যখন আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কোন হাদীস শুনতাম, আল্লাহ তা'আলা যতটুকু চাইতেন আমি তা হতে ফায়দা উঠাতাম। যখন তার কোন সাহাবী আমার নিকট হাদীস বলতেন আমি তাকে শপথ করাতাম। সে যখন শপথ করে বলত আমি তাকে বিশ্বাস করতাম। আবু বাকর



রোঃ) আমাকেও হাদীস বলেছেন, আর তিনি সত্যিই বলেছেন। তিনি বলেছেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছিঃ যে কোন ব্যক্তি যদি গুনাহ করে ফেলে, তা'আলার নিকট তাওবা করে আল্লাহ তা'আলা তার গুনাহ মাফ করে দিবেন। তারপর তিনি (রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) এ আয়াত পাঠ করলেনঃ "যাদের অবস্থা এরূপে যে, তাদের দ্বারা যদি কোন অল্লীল কাজ সংঘটিত হয় অথবা তারা কোন গুনাহ করে নিজেদের উপর যুলুম করে বসে, তবে সংগে সংগেই তারা আল্লাহ তা'আলার কথা মনে করে এবং তাদের গুনাহের ক্ষমা প্রার্থনা করে। আল্লাহ তা'আলা ছাড়া গুনাহ মাফ করতে পারে এমন কে আছে? এ লোকেরা জেনে বুঝে নিজেদের অন্যায় কাজ বারবার করে না"— (সূরাঃ আলে ইমরান-১৩৫)। -হাসান, ইবনু মাজাহ– (১৩৯৫)।

উসমান ইবনু মুগীরার সূত্রেই আমরা হাদীসটি জেনেছি। এ অনুচ্ছেদে ইবনু মাসউদ, আবু দারদা, আনাস, আবু উমামা, মুআয, ওয়াসিলা এবং আবুল ইয়াসার (রাঃ) হতেও হাদীস বর্ণিত আছে।

আবু ঈসা বলেনঃ আলীর হাদীসটি হাসান। আমরা হাদীসটি শুধুমাত্র উসমান ইবনু মুগীরার সূত্রেই জেনেছ। উল্লেখিত হাদীসটি শুবা মারফু হিসাবে বর্ণনা করেছেন, সুফিয়ান সাওরী ও মিসআর মাওকুফ হিসাবে বর্ণনা করেছেন। মিসআর অবশ্য মারফু হিসাবেও এ হাদীসটি বর্ণনা করেছেন। আসমা ইবনুল হাকাম হতে এই হাদীসটি ছাড়া আমাদের অন্য কোন মারফু হাদীস জানা নেই।

English

Asma bin Al-Hakam Al-Fazari said:

"I heard Ali saying: 'Indeed I am a man who, when I heard a Hadith from Allah's Messenger (S) then Allah causes me to benefit from it as much as He wills for me to benefit from it. When a man among his Companions narrated to me I ask him to swear an oath to me about it, and when he swears an oath to me I trust him. And Abu Bakr narrated to me - and Abu Bakr told the truth - he said: "I heard Allah's Messenger (S) saying: 'There is no man who commits a sin, then makes Wudu, then performs Salat, then seeks forgiveness from Allah, except that Allah forgives him.' Then he recited this Ayah: Those who when they have committed Fahishah or wronged themselves with eveil, remember Allah. (3:135) until the end of the Ayah."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন